অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/12/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল জীবাশ্ম জ্বালানি ব্যবহার হ্রাস করতে 10 মিলিয়ন মার্কিন ডলারের বাণিজ্যিক এবং শিল্পখাতের ত্বরান্বিত কার্যকারিতা কর্মসূচি ঘোষণা করলেন

প্রস্তাবিত ও 2025 সালের মধ্যে সম্পূর্ণ হবে এমন উপযুক্ত প্রকল্পের জন্য এখন প্রকল্প প্রতি সর্বোচ্চ 5 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত উপলভ্য আছে

2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করার জন্য স্টেটের দেশের শীর্ষ জলবায়ু লক্ষ্য অর্জনে অগ্রগতি ত্বরান্বিত করে

পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগের কমপক্ষে 35 শতাংশ লাভ যাতে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য হয় তা নিশ্চিত করতে সাহায্য করে

গভর্নর ক্যাথি হোকল আজকে বাণিজ্যিক এবং শিল্পখাতের ত্বরান্বিত কার্যকারিতা কর্মসূচির (Commercial and Industrial Accelerated Efficiency Program) জন্য 10 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন। এই কর্মসূচিটি শক্তি দক্ষতা এবং বৈদ্যুতিকরণ ব্যবস্থার মাধ্যমে অনসাইট জীবাশ্ম জ্বালানির ব্যবহার হ্রাস করার প্রয়াসে বড় অধিক শক্তির সত্তাগুলিকে সহায়তা করে। 2025 সালের মধ্যে সম্পূর্ণ ও সক্রিয় হবে প্রস্তাবিত এমন প্রকল্পসমূহের জন্য এই কর্মসূচিটি প্রকল্প প্রতি সর্বোচ্চ 5 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত প্রদান করবে। 2050 সালের মধ্যে 85 শতাংশ গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাস করা এবং 40 শতাংশের লক্ষ্য নিয়ে পরিচ্ছন্ন শক্তি বিনিয়োগের কমপক্ষে 35 শতাংশ লাভ যাতে সুবিধাবঞ্চিত সম্প্রদায়সমূহের জন্য হয় তা নিশ্চিত করার জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) লক্ষ্যকে অগ্রসর করতে আজকের ঘোষণাটি সাহায্য করে।

"নিউ ইয়র্কের অর্থনীতির বাণিজ্যিক ও শিল্পখাতকে তাদের কার্বন পদচিহ্ন হ্রাস করবে এবং আমাদের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করবে এমন প্রকল্প বাস্তবায়ন করার অতি গুরুত্বপূর্ণ প্রণোদনা আমরা নতুন এই উদ্যোগের মাধ্যমে প্রদান করছি," **গভর্নর হোকল বলেন।** "আমরা যখন আমাদের সবুজ অর্থনীতি সম্প্রসারণ করার অংশ হিসেবে সকল নিউ ইয়র্কবাসীর জন্য অর্থপূর্ণ স্বাস্থ্য ও অর্থনৈতিক লাভ আনা অব্যাহত রাখছি, তখন আরো স্থিতিস্থাপক সম্প্রদায়, বিশেষ করে যারা ঐতিহাসিকভাবে অবহেলিত হয়েছে , গঠনে আমাদের কাজ অগ্রসর করার উপায় খুঁজছে এমন কোম্পানির সংখ্যা বৃদ্ধি হতে দেখে আমি আপ্লুত।"

নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority, NYSERDA) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন হ্যারিস বলেন, "নতুন এই কর্মসূচির সূচনা নিউ ইয়র্কের সর্ববৃহৎ শক্তি ব্যবহারকারীদের কয়েকটিকে আরো পরিচ্ছন্ন ও দক্ষ করতে সাহায্য করে এমন অংশীদারিত্বের প্রতি NYSERDA এর প্রতিশ্রুতি প্রদর্শন করে। শক্তি দক্ষতার প্রতি এবং এই কর্মকাণ্ডগুলির অনসাইট নিঃসরণ হ্রাস করার প্রতি প্রতিশ্রুতি আমাদের সম্প্রদায়সমূহের দূষণ হ্রাস করবে, আরো স্বাস্থ্যকর, আরো টেকসই ভবিষ্যতের পথ তৈরি করবে, এবং অন্যান্য বৃহৎ শক্তি ব্যবহারকারীর জন্য জলবায়ু পদক্ষেপের উদাহরণ হিসেবে কাজ করবে।"

ডিকার্বোনাইজ করা কঠিন এমন কর্মকাণ্ডে নিঃসরণ হ্রাস করা এবং অধিক শক্তির খাত এবং যে সম্প্রদায়ে কর্মকাণ্ড পরিচালিত হয় সেখান থেকে ক্ষতিকর সহদূষক অপসারণ করার জন্য কর্মসূচিটি নকশা করা হয়েছে। নিউ ইয়র্ক স্টেটের শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের স্কোর প্রদানের নির্ণায়ক সুবিধাবঞ্চিত সম্প্রদায় হিসেবে আখ্যা পাওয়া সম্প্রদায়ে গ্রিনহাউজ গ্যাস নিঃসরণ হ্রাসকে এবং এমন সম্প্রদায়ে সুবিধা পৌঁছে দেওয়াকে অগ্রাধিকার দেয়।

কর্মসূচিটি প্রধান প্রস্তুতকারক শিল্পখাত এবং বাণিজ্যিক ক্যাম্পাস সেটিংয়ের জন্য উন্মুক্ত, যেমন: কাগজ; পেট্রোলিয়াম; প্রাথমিক ধাতু; অধাতব খনিজ; রাসায়নিক; খাদ্য; কৃত্রিম ধাতব পণ্য; পরিবহন সরঞ্জাম; কম্পিউটার ও ইলেক্ট্রনিক; কলেজ ও ইউনিভার্সিটি ক্যাম্পাস; এবং স্বাস্থ্যসেবা ফ্যাসিলিটি ক্যাম্পাস। গুদামঘর এবং বিতরণ সাইট, খনন ও নিষ্কাশন, এবং সেই সাথে পানি ও বর্জ্যপানির সমর্থন কার্যক্রমও উপযুক্ত হবে। আরো যোগ্যতার আবশ্যিকতার জন্য, অনুগ্রহ করে NYSERDA এর ওয়েবসাইট ভিজিট করুন।

সেন্ট্রাল নিউ ইয়র্ক ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের (Manufacturers Association of Central New York, MACNY) প্রেসিডেন্ট র‍্যান্ডি ওলকেন বলেন, "নতুন প্রকাশিত NYSERDA কর্মসূচি, বাণিজ্যিক ও শিল্পখাতের ত্বরান্বিত কার্যকারিতা কর্মসূচিটি নিউ ইয়র্ক স্টেটের শক্তি লক্ষ্য অর্জন করার জন্য সংগঠনগুলিকে সংস্থান প্রদান করে সাহায্য করবে। এই কর্মসূচিটি আর্থিক ক্ষেত্রে উল্লেখযোগ্য পরিমাণ ঝুঁকি হ্রাস করে। অন্যান্য NYSERDA কর্মসূচিসমূহের সাথে জোটবদ্ধ হয়ে, কোম্পানিগুলি দীর্ঘমেয়াদের জন্য তাদের অভ্যন্তরীণ সংস্থানের সম্পূরক ও দক্ষতা বর্ধন করতে পারবে। এইসব কর্মসূচির বিকাশ সমর্থনে গবেষণা ও বিকাশ (Research and development, R&D) সংস্থান দেওয়ার ব্যাপারে NYSERDA এর সাফল্যের দীর্ঘ ইতিহাস রয়েছে। MACNY আমাদের সদস্যদের ও সম্প্রদায়ের অংশীদারদেরকে এইসব কর্মসূচির ব্যাপারে আরো জানতে এবং এই সুযোগের সদ্ব্যবহার করতে উৎসাহিত করছে।"

বার্ষিক কমপক্ষে 1 মিলিয়ন মার্কিন ডলারের শক্তি ব্যয়সহ বাণিজ্যিক ভবন মালিক এবং বছরে শক্তির জন্য কমপক্ষে 500,000 মার্কিন ডলার ব্যয় করে এমন শিল্প কোম্পানির জন্য কর্মসূচিটি উন্মুক্ত। পাশাপাশি, একটি শক্তি সাশ্রয়ী লক্ষ্য স্থির করা এবং এই লক্ষ্যে পৌঁছাতে তারা কী প্রকল্প সম্পূর্ণ করবে তা সনাক্ত করা প্রস্তাবনাকারীদের জন্য আবশ্যিক। অর্থের ব্যাপ্তি হবে 500,000 মার্কিন ডলার থেকে 5 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত। বৃহৎ থার্মাল শক্তি সাশ্রয়, নিঃসরণ সাশ্রয়, ব্যয় কার্যকারিতা, ব্যস্ত সময়ে লোড হ্রাস, এবং ত্বরান্বিত স্থাপনকে অগ্রাধিকার প্রদান করবে এমন

র‍্যাঙ্ক করা স্কোরের ভিত্তিতে নির্বাচন করা হবে। প্রকল্পসমূহকে অবশ্যই বাণিজ্যিকভাবে উপলভ্য প্রযুক্তি ব্যবহার কবে হবে এবং দুই বছরের মধ্যে স্থাপনা করতে হবে।

উপযুক্ত ব্যবস্থার উদাহরণ হতে পারে:

- শক্তি দক্ষতার উন্নয়ন
- প্রক্রিয়া কার্যকারিতার উন্নয়ন
- শক্তি/ তাপ পুনরুদ্ধার
- ভূমি উৎসের এবং বায়ু উৎসের হিট পাম্প
- থার্মাল লোডের বৈদ্যুতিকরণ
- শক্তি ব্যবস্থাপনা সিস্টেম ও নিয়ন্ত্রণ
- পরিচালনা ও রক্ষণাবেক্ষণ উন্নয়ন

31 আগস্ট, 2023, বিকাল 3:00টার মধ্যে আবেদন জমা দিতে হবে। কর্মসূচির ব্যাপারে আরো তথ্য NYSERDA এর ওয়েবসাইটে রয়েছে।

এই উদ্যোগের জন্য স্টেটের 10 বছর মেয়াদী 6 বিলিয়ন ডলারের নির্মল বিদ্যুৎ তহবিলের (Clean Energy Fund) মাধ্যমে অর্থায়ন করা হয়েছে। এই তহবিল সম্পর্কে আরো তথ্য NYSERDA-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের-নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দির মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও

100টি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভ (community air monitoring initiative)-এর মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন